



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়,

বান্দরবান।

ফোন : ০২৩৩৩৩০২৫৯৬

ই-মেইল : rmbandarban@krishibank.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান এর জুলাই'২০২২ইং হতে সেপ্টেম্বর'২০২২ইং সময়কালের ১ম প্রান্তিক এর শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ভূপতি রঞ্জন দাস, আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময়	:	২২/০৯/২০২২ইং বিকাল ৪.০০ ঘটিকা
স্থান	:	আঞ্চলিক কার্যালয়, বান্দরবান
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক"


০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের সকল পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সমরোপযোগি পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহবান জানিয়ে তিনি সভার শুরু করেন।


০২। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং ফোকাল কর্মকর্তা জনাব কার্তিক কুমার ধর জুলাই'২০২২ইং হতে সেপ্টেম্বর ২০২২ইং সময়কালের ১ম কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়ন বিষয়ে আলোকপাত করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে উপস্থিত সকলের মতামত গ্রহন শেষে ১ম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য সকলকে পরামর্শ দেন।


০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :


- নৈতিকতা কমিটির কর্মপরিকল্পনা, সভার কার্যবিবরণীসহ আনুসঙ্গিক তথ্যাদি যথাসময়ে পোর্টালে আপলোড করতে হবে।
- অংশীজনের অংশগ্রহনে সভা যথাসময়ে অনুষ্ঠিত করতে হবে।
- বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাসময়ে পোর্টালে আপলোড করতে হবে।
- দুর্নীতি প্রতিরোধে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও ঋনগ্রহিতাদের সচেতনতা বৃদ্ধির করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।






কার্তিক কুমার ধর
কর্মকর্তা
ও সদস্য সচিব
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


মোঃ লিয়াকত হোসেন
ব্যবস্থাপক, বিকেবি বান্দরবান
শাখা ও সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


আ.ছ.ম. জাবেরুছ ছালেহীন
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
ও সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


(ভূপতি রঞ্জন দাস)
আঞ্চলিক ব্যবস্থাপক
ও সভাপতি
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

বিষয়ঃ ২২-০৯-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকা।

কমিটির পদবী	নাম ও অফিসিয়াল পদবী	কার্যালয়ের ঠিকানা	স্বাক্ষর
সভাপতি	ভূপতি রঞ্জন দাস আঞ্চলিক ব্যবস্থাপক	বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান।	 22/09/2022
সদস্য	আ.ছ.ম. জাবেরুছ ছালেহীন, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (সমব্য)	বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান।	 22/09/2022
সদস্য	শ্রীঃ লিয়াকত হোসেন উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	ব্যবস্থাপক, বিকেবি বান্দরবান শাখার	 22/09/2022
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা	কার্তিক কুমার ধর কর্মকর্তা	বিকেবি, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান।	 22/09/2022